# আইটি রিজিউম মেকওভার

তাসনুভা মাহ্‌মুদ

কমপিউটার জগৎ এর নিয়মিত বিভাগ পাঠশালায় সাধারণত ব্যবহারকারীদের প্রয়োজনীয়তা উপলব্ধি করে বিভিন্ন বিষয়ের ওপর লেখা প্রকাশ করে আসছে। তবে এবার পাঠশালা বিভাগটি প্রচলিত ধারার বাইরে একটু ভিন্ন বিষয় নিয়ে উপস্থাপন করা হয়েছে। এবারের পাঠশালা বিভাগটিতে আইটি প্রফেশনালদের রিজিউম তৈরির লক্ষণীয় বিষয়গুলো মূলত তুলে ধরা হয়েছে। পরিবর্তিত পরিবেশের সাথে সঙ্গতি রেখে আইটি রিজিইউম তৈরিসংশ্লিষ্ট কিছু টিপ তুলে ধরা হয়েছে এ লেখায়।

## ক্লাটার পরিষ্কার করা

বিশাল বিস্তৃত জব রেসপন্সিবিলিটি ও দৈনন্দিন কাজের লিস্টের পরিবর্তে রিজিউমকে ফোকাস করুন– কীভাবে আপনি কর্মীদের সমস্যা সমাধান করেছেন তার ওপর। এমন কথা বলেছেন, এক্সিকিউটিভ প্রমোশন এলএলসির এক্সিকিউটিভ ক্যারিয়ার কোচ ডোনাল্ড বার্নস। তিনি আরও বলেন, এই সাকসেস স্টোরিটি হলো রিজিউমের অন্যতম প্রধান গুরুত্বপূর্ণ উপাদান। নিয়োগদানকারীকে শুধু সফলতার ফলাফল দেখাবেন তা কিন্তু নয়, বরং প্রাসঙ্গিক বিষয় তুলে ধরুন, বিশেষ করে যদি এই ফলাফল আদর্শ অবস্থানের চেয়ে যদি কম অর্জিত হয়।

## অডিয়েন্স সম্পর্কে জানা

ক্যারিয়ার ম্যানেজমেন্ট রিজিউম অ্যান্ড জব সার্চের প্রতিষ্ঠান আইটি টেক এক্সেক (IT Tech Exec) এবং এক্সিকিউটিভ সলিউশন্স আর্কিটেক্ট স্টিফেন ভ্যান ভিরিড বলেন, ভালো রাইটিং এমনকি রিজিউম রাইটিংয়ের জন্য গুরুত্বপূর্ণ হলো অডিয়েন্সের কাছে মেসেজ টেইলরিং করা। তবে সাবজেক্ট যখন আপনি হবেন এবং আপনি নিজের রিজিউম লিখবেন, তখন কিছুটা অবরুদ্ধ হয়ে পড়বেন। এমনকি পেশাদার রাইটারদের ক্ষেত্রেও এমনটি হবে। ভ্যান ভিরিড আরও বলেন, 'রিজিউমে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো আপনার অডিয়েন্স বিবেচনা করা। তার মতে, এমপ্লয়ারদের আকর্ষণীয় লিস্ট, কন্ট্রাক্ট প্রজেক্ট এবং সফল কন্সালটিংয়ের কাজের সাথে গ্লোয়িং রেফারেন্স এবং টেস্টিমোনিয়াল উল্লেখ করা দরকার নেই। ভ্যান ভিরিড আরও বলেন, আপনার অডিয়েন্স যদি কোনো মেসেজ না পায়, তাহলে গ্রহণযোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হওয়ার কোনো উপায় থাকবে না।

ভ্যান ভিরিড প্রার্থীদেরকে উপদেশ দিয়ে বলেন, নিজেদেরকে জিজ্ঞেস করুন, কে এই রিজিউজ পড়তে যাচ্ছে এবং তারা কী দেখতে চাচ্ছে। তিনি আরও বলেন, আপনি যে মেসেজ দিতে চাচ্ছেন তা কী অডিয়েন্সের কাছ থেকে প্রতিধ্বনিত হয়ে ফিরে আসছে? আর যদি তাই হয়, তাহলে আপনার রিজিউমের জন্য রিভিশন দরকার, যা রিক্রুটার হায়ারিং ম্যানেজার এবং এইচঅ্যান্ডআর প্রফেশনালদের সাথে রিজোনেট হবে।

## পার্সোনাল স্টোরি বলে আকৃষ্ট করা

পার্সোনাল ব্র্যান্ডভিত্তিক নিজস্ব ক্যারিয়ার স্টোরি তৈরি করা এড়ানো জটিল, যাকে ক্যারিয়ার বিশেষজ্ঞ ডোলান্ড বার্নস বলেন, 'all bland and no brand'। ডোনাল্ড বলেন, আমি এ ধরনে রিজিউম এত প্রচুর পরিমাণে দেখে থাকি যে আমাকে এ জন্য শর্টহ্যান্ড ডেসক্রিপশন ইনভাইট করতে হচ্ছে। এ রিজিউমগুলো সম্পর্কে প্রথম দর্শনে আমার কোনো ধারণা সৃষ্টি হয় না যে, আসলে প্রার্থীরা কী খোঁজ করছে।

তিনি প্রার্থীদের উপদেশ দেন আরও গভীরে গিয়ে তাদের কাজের ধরন-প্রকৃতি তথা ইতিহাস এবং অভিজ্ঞতা খুঁজে বের করার জন্য, যা তাদের ক্যারিয়ার বৃত্তান্ত আরও অনেক বেশি আকর্ষণীয় করে তুলবে এবং সম্ভাব্য এমপ্লোয়ারকে বিজাড়িত করবে।

## ব্যবহার করুন নিজের বিপণন কৌশল

একটি সেল (Sale) রিজিউমে সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো সংক্ষিপ্ত রূপ, যেমন– সেলস ফিগার কতগুলো ডিল ক্লোজড হয়েছে, অর্জিত রেভিনিউ টার্গেট ইত্যাদি। এর জন্য দরকার গুরুত্বপূর্ণ ডিটেইলসের ক্ল্যারিফিকেশন, পারফরম্যান্সের সংক্ষিপ্ত রূপ। যদি আপনি বিপণনে থাকেন, তাহলে আপনার পারফরম্যান্স পরিমাপ করা হবে সেলস রিপোর্টের ওপর। এ জন্য আপনার উচিত সংখ্যা উল্লেখ করা। এ কথা বলেছেন একজন অ্যাডভান্স ক্যারিয়ার স্ট্র্যাটেজিস বিশেষজ্ঞ এবং ক্যারিয়ার কোয়েস্টের প্রেসিডেন্ট রোজ ম্যাকফরশন।

## আপনার রিজিউমকে আপডেট রাখুন

বছরে অন্তত একবার সময় বের করে আপনার রিজিউমকে রিভিউ ও রিফ্রেশ করুন। এমন কথা বলেছেন ক্যারিয়ার কনসালট্যান্ট কাইলটিন সিম্পসন। ডকুমেন্টের ফরম্যাটিংয়ে ভিজিট করুন। নিশ্চিত করুন বর্তমান ও অতীতের এপ্লয়ারদের সব তথ্য এবং দায়িত্ব ঠিক আছে এবং গত এক বছরে আপনার অর্জিত নতুন দক্ষতা, অভিজ্ঞতা বা জ্ঞান যুক্ত করা হয়েছে।

আপনার উচিত হবে ১০ থেকে ১৫ বছরের বেশি পুরনো কোনো কাজের অভিজ্ঞতাকে অপসারণ করা এবং আপনি বর্তমানে যা অ্যাপ্লাই করছেন তার সাথে সংশ্লিষ্ট নয় এমন যেকোনো কাজের অভিজ্ঞতাকে টস করা উচিত ।

## নিজেকে খাটো করে না দেখা

'এক্সিকিউটিভ রিজিউম রেসকিউসহ এক্সিকিউটিভ ক্যারিয়ার কোচ এবং রিজিউম এক্সপোর্ট চেরিল লিঞ্চ সিম্পসনের মতে বিনয়ী ও নম্রতার ক্ষেত্র হলো আপনার রিজিউম। কিন্তু অনেক সময় আপনার রিজিউমে সেগুলোর মধ্যে একটিও থাকে না। সিম্পসন আরও বলেন, যদি আপনার রিজিউম খুব বেশি জেনেরিক হয়, তাহলে আপনি আইডেন্টিক্যাল কনটেন্টের মহাসাগরে হারিয়ে যেতে পারেন। এমনটি সত্য হতে পারে যেকোনো প্রার্থীর জন্য, যারা একই ধরনের নিয়ম অনুসন্ধান করছেন।

সিম্পসন আরও বলেন, আপনার ইউনিক অ্যাচিভমেন্ট, সাকসেস স্কিল এবং নলেজ নিশ্চিত করাই হলো মূল কাজ। এগুলো সেইসব প্রার্থীর জন্য প্রযোজ্য, যাদের কাছে অভিজ্ঞতা ১০ বছরের কম।

## ইনফরমেশন ওভারলোড এড়িয়ে যাওয়া

বেশিরভাগ এমপ্লয়ার দ্রুতগতিতে দেখতে চান ডেট, অ্যাপ্লিক্যান্টের রেসপনসিবিলিটি, ম্যানেজ করা প্রজেক্টের ধরন এবং অন্যান্য প্রত্যক্ষ সম্পর্কযুক্ত ডিটেইলস। তবে উৎসুক্য, হায়ারিং ম্যানেজার বা রিক্রুটার এবং অনেক বেশি ডিটেইল ব্যবহারকারীর মাঝে এক চমৎকার লাইন বা যোগসূত্র থাকাই যথেষ্ট, যা রিডারকে অভিভূত করে।

আপনার ক্যারিয়ারের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান আইডেন্টিফাই করুন এবং সম্পৃক্ত করুন প্রজেক্ট বাজেট, টেকনোলজি স্কিল, সময় ও অর্থসাশ্রয়ী প্রকল্পসহ টিমের কতজন সদস্যকে ম্যানেজ করতে সক্ষম হয়েছেন ইত্যাদি তথ্য হাইলাইট করুন। নিয়োগদাতারা সাধারণত রিজিউমে পরিমাপযোগ্য ফিগার দেখতে চান।

## মিথ্যা বলা পরিহার করুন

কথিত আছে মিথ্যা বর্তমানের জন্য, তবে তা ক্ষণস্থায়ী এবং এর কোনো ভবিষ্যৎ নেই। জব সার্চিং কার্যক্রমে মিথ্যা আচরণ কখনই সুফল বয়ে আনে না। ট্যালেন্ট মার্কেটে প্রচণ্ড প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পরিবেশে আপনার কাজের ইতিহাসকে অলঙ্করণে প্রলুব্ধ করতে পারে। অনেকেই আইটি স্কিলকে অতিরঞ্জিত করে তুলে ধরে বা অ্যাডভান্স ডিগ্রি ধারণ করার দাবি করেন এই প্রত্যাশায় যে, এর ফলে অন্যান্য চাকরিপ্রত্যাশীদের চেয়ে আপনাকে তুলনামূলকভাবে বেশি যোগ্য হিসেবে তুলে ধরবে। দুর্ভাগ্যজনকভাবে এসব মিথ্যা আশ্রয় অনেক সময় প্রথম দিকে হয়তো অগোচরেই থাকে, কিন্তু এক সময় ধরা পড়তেই হবে। তখন সবকিছু শেষ হয়ে যায় ক্যারিয়ারের ক্ষেত্রে। অনেক সময় এসব কর্মীকে চাকরি থেকে বরখাস্ত কিংবা ডিমোশন করা হয়।

## নিয়ম ভাঙা

কখনও কখনও রিজিউমের নিয়ম ভাঙতে হয়। এক্সিকিউটিভ প্রমোশন্স এলএলসির ডোনাল্ড বার্নস বলেন, কখনও কখনও এমন সময় আসবে, যখন গতানুগতিক ক্রনোলজিক্যাল ধারার পুরনো অর্ডারের রিজিউম সম্পূর্ণরূপে দূর করা দরকার হয়ে পড়ে, যাতে প্রার্থী তার বর্তমান ক্যারিয়ারের প্রতি সেরা দৃষ্টি রাখতে পারে।

ডোনাল্ড বার্নস আরও বলেন, আপনার ক্যারিয়ারের শুরুতে বড় কিছু একটা করে ফেললেন এবং এই প্রাথমিক সফলতার ওপর ভিত্তি করে বাকি পেশাদার জীবন কাটিয়ে দিলেন, তাহলে আপনাকে অবশ্যই সম্পূর্ণরূপে গতানুগতিক রিজিউম পরিবর্তন করতে হবে ■

*ফিডব্যাক : swapan52002@yahoo.com*